দৈনিক বাংলা

১৬

তারিখ ... 15 FEB 1993
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৮ ...

# পাবনা পলিটেকনিকে ছাত্র সংঘর্ষ ঃ আহত ১৫ ঃ ক্লাস স্থগিত

পাবনা, ১৪ ফেব্রুয়ারী (ইউএনবি)।– রোববার পাবনা পলিটেকনিক ইনস্টিটিউটে দু'দল ছাত্রের সংঘর্ষের পর দু'দিনের জন্য সকল ক্লাস স্থগিত ঘোষণা করা হয়েছে। ছাত্রলীগ ও জাতীয়তাবাদী ছাত্রদলের কর্মীদের মধ্যে সংঘটিত এ সংঘর্ষে কমপক্ষে ১৫ জন ছাত্র আহত হয়।

ক্যাম্পাস সূত্রে জানা গেছে, ইনস্টিটিউটের ছাত্র সংসদের সাবেক জিএস ইকবাল হোসেন রোববার সকাল দশটায় ক্লাস রুমে ছুরিকাহত হওয়ার পর এ সংঘর্ষ বাধে। উল্লেখ্য তিনি সম্প্রতি ছাত্রলীগ থেকে বেরিয়ে গিয়ে ছাত্রদলে যোগ দিয়েছিলেন। ইকবাল হোসেনকে ছুরিকা-

(৭-এর পৃঃ ৫-এর কঃ দ্রঃ)।

## পাবনা পলিটেকনিকে

(প্রথম পাতার পর)

ঘাতের জন্য আওয়ামী লীগ সমর্থিত ছাত্রলীগ সমর্থকদের দায়ী করা হয়।

এ ঘটনার জের হিসাবে সৃষ্ট সংঘর্ষে লাঠি, হকিস্টিক, লোহার রড ব্যবহৃত হয় এবং এ সময়ে কমপক্ষে ২০টি বোমার বিস্ফোরণ ঘটে। আহতদের মধ্যে ইউসুফ, তোফাজ্জল, আমজাদ, শহীদুল হাসান, আখতারুজ্জামান, ইকবাল, রবিউল ও রমজান আলীকে সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। ছুরিকাহত ইকবালের অবস্থা আশংকাজনক। এ ব্যাপারে স্থানীয় ছাত্রদল একটি মামলা দায়ের করেছে।

উল্লেখ্য, ঐ দুটি ছাত্র সংগঠনের মধ্যে দু'দিনব্যাপী অপর এক সংঘর্ষের পর শনিবার ঈশ্বরদী সরকারী কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। গত বৃহস্পতি ও শুক্রবার ঐ কলেজে এ দুটি বিবদমান সংগঠনের মধ্যে সৃষ্ট সংঘর্ষে ১৫ জন আহত হলে কলেজ একাডেমিক কাউন্সিল শনিবার এ সিদ্ধান্ত নেয়।